Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৪

3/136

অঞ্জলি

LIBRARY
No. 11171.. 3/136
...ayee Ashram
BANARAS

PRESENTED

শ্রীবরুণ ভট্টাচার্য্য

PRESENTED

মূল্য—২ টাকা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অঞ্জলি

॥

শ্রীবরুণ ভট্টাচার্য্য

মূল্য—২ টাকা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

: প্রকাশনায় :

স্বাতী ভট্টাচার্য্য

সাগরীকা ভট্টাচার্য্য

জয়ন্ত ভট্টাচার্য্য

: প্রাপ্তিস্থান :

শ্রী শ্রীরামকৃষ্ণ প্রার্থনা ভবন

পুরশ্রী, চন্দননগর।

ও

সংস্কৃতি ও প্রার্থনা ভবন

ঠাকুরবাড়ী, ফটকগোড়া

চন্দননগর।

কৃষ্ণা একাদশী

৩রা আশ্বিন, ১৩৮৩

মুদ্রণে :—হিন্দুস্থান প্রিন্টিং

বড়বাজার, চন্দননগর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভূমিকা

"মাতৃদর্শন" (একাঙ্ক নাটক) এর পর জগন্মাতার চরণে "অঞ্জলি" মাতৃকৃপাসিক্ত মনেরই দ্বিতীয় নিবেদন। গানগুলি রচনায় যাঁদের উৎসাহ বিশেষ অনুপ্রেরণা যুগিয়েছে সেই পরম পূজ্যপাদ্ অগ্রজ শ্রীঅমিয় ভট্টাচার্য্য, পরম শ্রদ্ধাস্পদ্ শ্রীদিব্যদর্শী, মাতৃসমা দেবপ্রিয়া শ্রীমতী জনা চৌধুরী, শ্রদ্ধেয়া শ্রীমতী সুষমা বসু, আর অগ্রজ প্রতিম মন্টুদাকে জানাই আমার আন্তরিক কৃতজ্ঞতা।

বরুণ ভট্টাচার্য্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



উৎসর্গ

জ্ঞান হওয়ার পর থেকে যাঁর স্নেহে লালিত এই মন প্রাণ শুধু মাতৃস্নেহেরই কাঙাল্—সেই মাতৃদেবীর চরণে মন-মালঞ্চের সদ্য ফোটা পুষ্প সম্ভার 'অঞ্জলি' নিবেদন করে যার সুরারোপে ও কণ্ঠে গানগুলি প্রাণস্পর্শ হয়ে উঠেছে বহুবার, সেই জীবন সঙ্গিনী সান্ত্বনার হাতে তুলে দিলাম।

বরুণ ভট্টাচার্য্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



গুরু বন্দনা

তোমার মাঝারে রামকৃষ্ণের
দেখি জাগ্রত প্রাণ।
অঙ্গে তোমার ভাব তরঙ্গে—
ব্রহ্মানন্দ ভাসমান।
তোমার কাজের নিত্য ধারায়
স্বামীজী মূর্ত্তিমান।
মাতৃস্নেহের শীতলতা সেও
তোমাতে বর্ত্তমান।
তুমি তাই সব—সবেতেই তুমি
তুমি যে প্রাণের প্রাণ
তোমার মাঝারে হারাতে চেয়েছি
গাহি জীবনের গান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মায়ের পায়ে অঞ্জলিতে—
পড়না ঝ'রে মন'
ছোট্ট রাঙ্গা জবার মত,
আপনারে তুই কর প্রণত,
প্রাণের ছোঁয়ায়—
দেহের কুসুম কররে নিবেদন।
মায়ের পায়ে অঞ্জলিতে
পড়না ঝ'রে মন্।
মালঞ্চ তোর শুকিয়ে গেলে,
কোথায় পাবি পুষ্পদলে ?
কেমনে আর করবিরে তোর—
অর্ঘ্য বিরচন ?
পেয়েও কাছে হারাবি কি—
অমূল্য সে ধন ?
মায়ের পায়ে অঞ্জলিতে—
পড়না ঝ'রে মন ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হৃদয় পদ্ম অঞ্জলি দিতে
আমায় যোগ্য কর।
প্রাণ মন মোর
হর চিত্ত-চোর,
হাত দু'টি মোর ধর।
দৃষ্টিতে মোর—
তমসার ঘোর।
আঁধার রাত্রি,—
কর কর ভোর।
তোমার পূজায় সেরা উপচার,—
রক্ত কমল তর,—
আমারে যোগ্য কর॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মাগো,

রাঙ্গা পায়ের নূপুর হতে,
সাধ জেগেছে বড়।
একটিবার ঐ চরণের
ভূষণ আমায় কর।

রাঙ্গা জবার চাইতে শোভা,
নাইবা পেলাম মনোলোভা ;—
বাজ্‌লে গায়ে পরম পরশ,
জাগ্‌বে বুকে নিত্য হরষ।—

অঙ্গ আমার আনন্দেতে—
কাঁপবে থর থর।

মাগো রাঙ্গা পায়ের নূপুর হতে
সাধ জেগেছে বড়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ১ ॥

মাগো,

একটি প্রণাম করতে আমায় দিও।
তোমার দেওয়া মন্ত্রে ওগো—
আমায় বেঁধে নিও ॥

হৃদয় আমার উজাড় করে,—
ওই চরণে দিতে ধরে ;
তোমার মাঝে, সকাল সাঁঝে,
হারিয়ে যেতে দিও ॥

সকল বাঁধন ছিন্নকরে,
ফুলটি যেমন পড়ে ঝরে,—
তেমন করে আমায় মাগো—
আপন করে নিও।.....

তোমার মাঝে সকাল সাঁঝে
হারিয়ে যেতে দিও ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চাইনা আমি গোলাপ হ'তে।
আমায় জবার কপালক্কে।
নাইবা হ'লাম সবার সেরা,
মাগো পায়ে তুলে নে।

কি হবে মা বিত্ত বিভব ?
কি হবে আর আত্মীয় সব ?
চরণ ছোঁয়ার কপাল দিয়ে
কাছে টেনে নে।
দিবা-নিশি থাক্‌তে মিশি
ঐ রাতুল চরণে।

গলার মালায় চাইনাগো ঠাঁই,
চরণ যদি পাই।
ধুলো পায়ের ধুলো হয়ে
হারিয়ে যেতে চাই।
আর কিছুই মা চাইনা আমি
যদি পরম পরশ পাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জননী তোমার করুণাধারার—
কণাটুকু পেতে চাই।
তোমার স্নেহের পরম পরশে,
হৃদয় ভরাতে তাই—
আঁখি নীরে করি অর্ঘ্য রচনা।
মনোমন্দিরে আঁকি আল্পনা।
তোমার চরণ স্মরণে নিত্য
যেন তোমার আশীষ পাই।
জননী—তোমার করুণা ধারার
কণাটুকু পেতে চাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৪ ॥

একটি প্রণাম আমার মাগো নিও।
সকাল সাঁঝে সকল কাজে।
তোমার স্নেহের পরশ রাজে।
রাতুল চরণ ছায়ায় আমার
এ-মন বেঁধে দিও।
একটি প্রণাম আমার মাগো নিও।

অনন্ত ঐ রূপের খেলায়।
ভাস্‌তে সদা কৃপার ভেলায়,
দেখাও বারেক ইষ্ট ছবি।
রূপটি বরণীয়।
একটি প্রণাম আমার মাগো নিও।

ত্রিভুবনের মন্দিরে মা।
নিত্য তোমায় দেখতে শ্যামা।
দৃষ্টি দিয়ে এই অধমে
দুচোখ ভরে দিও।
একটি প্রণাম আমার মাগো নিও।

তোমার কোলে থাক্‌তে ভুলে,
দিন রজনী এই অকূলে—
সব অপরাধ অক্ষমতা
আমার ক্ষমিও।
একটি প্রণাম আমার মাগো নিও।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৫ ॥

আমার আঁধার ঘরে আলোর প্রদীপ-
জ্বলবে কবে ?
(বল মা) ঐ চরণের চলন ছোঁয়ায়
হৃদয় কবে ধন্য হবে ?

নিত্য নূপুর নিক্কনেতে—
এ মন আমার উঠবে মেতে—
কবে সকল অঙ্গ আমার—
তোমার পূজায় মগ্ন রবে ?
আমার আঁধার ঘরে আলোর প্রদীপ
জ্বলবে কবে ?

বিষয় মেঘে চিত্ত মলিন।
মরছি কেঁদে সাধন বিহীন।
কেমন করে বল মা তবে—
জাগ্‌বে এ প্রাণ অনুভবে ?

তোমার পরম পরশ পেয়ে
সকল বাঁধন ঘুচবে ভবে ?
(বল মাগো) আমার আঁধার ঘরে
আলোর প্রদীপ জ্বলবে কবে ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৬ ॥

বুকে আমার গরল জ্বালা
চোখে তন্দ্রা ঘোর।
কেমন করে করি পূজা—
বল্‌না মাগো তোর ?

কোন্ সে আশায় এ বুক বাঁধি—
নিত্য নামের সুরটি সাধি ?
কবে আমার ঘুচবে মোহ,—
হবে জীবন ভোর ?

ব্যথার কাজল মুছিয়ে দিতে,
মাগো ঝরবে প্রেমের লোর ?
চরণ-সরোজ নিত্য ধুতে,—
নয়ন জলের সেই নদীতে।
বারেক সুযোগ দিয়ে ওগো—
ভরা চিত্ত মোর।

বুকে আমার গরল জ্বালা—
চোখে তন্দ্রা ঘোর।
কেমন করে করব পূজা বল্‌না মাগো তোর ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৭ ॥

নয়ন সরসী কানায় কানায়—
কৃপায় ভরেছো মা।
তবু মাগো এই দুঃখ দহন
ব্যথা কেন ঘোচেনা ?

কেন বল মাগো জীবন খেয়ায়—
তুফানেই পড়ে পা ?
কিসের কারণে অনিত্যে বরি—
(মাগো) হারাই সত্য যা ?

কেন বারবার খুঁড়ি আপনার
মৃত্যুর পরিখা ?
কেন বল মাগো মরি আঁধারেতে
চির সুন্দরে ভুলিয়া ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৮ ॥

আবার যদি পেতাম ফিরে—
সেই সে অতীত তোমায় ঘিরে,—
যেদিন ছিল বসুন্ধরা—
নিত্য পূজায় অচঞ্চল।

দ্বিধা মলিন মনকে ধুয়ে—
নিতাম মাগো চরণ ছুঁয়ে।
স্বর্গ-সুখে ধন্য হতাম্।
বুক যে পেতো অসীম বল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৯ ॥

জগতের বুকে জাগ্রত ছবি—
সীমাহীন করুণার।
জননী, তোমার মূরতির কাছে
মমতা মেনেছে হার।

ধরণীরে মাগো ধন্য করেছ—
চরণ পরশে তব।
কোটি কোটি প্রাণ তৃপ্ত হয়েছে,
লভিয়া-জীবন নব।

পাপী তাপী জনে চরণে তোমার
তুমি যে দিয়েছ ঠাঁই।
তুমিই তোমার উপমা কেবল,—
তুলনা তোমার নাই।

জ্ঞানালোক মাগো দীপ্ত হয়েছে
সহজ কথার ভারে।
তুমি বিনা মাগো কে নেবে চরণে
বেদনার উপচারে?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ১০ ॥

মা এলো যে মাটির ঘরে—
কণ্ঠে অভয়বাণী—
বাজারে শঙ্খ, দেরে উলুধ্বনি—
সাজারে অর্ঘ্য আনি।

এক হাতে নিয়ে জ্ঞানের প্রদীপ,—
আর হাতে সুধা ঝর্ণা,
জননী এলো যে জ্বেলে দিতে দীপ
(ওরে) আলোতে হৃদয় ভরনা।

হবে নাকো আর এমন সুযোগ—
জগৎ জননী দাঁড়ায়ে।
ছুটে আয় ত্বরা মায়ের দুলাল—
মোহ বন্ধন—ছাড়ায়ে।

———

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ১১ ॥

মাগো,—

তোমার কোলে, থাকবো ব'লে—
এসেছিলেম এই অকূলে ;—
জীবন তরী বাইতে গিয়ে—
ধরেছিলেম মনের হাল।

ভেবেছিলেম কৃপার হাওয়া—
করবে মধুর তরী বাওয়া,—
ধন্য করে এই অধমে—
উঠবে ফুলি চিত্ত পাল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ১২ ॥

দুঃখ সে'ত দীক্ষা তব,
আঘাত এলে নব নব,—
বুকপাতি মা নিতে সবে—
চরণ তোমার শরণ লব।

খেলাঘরের সুখের মাঝে—
থাকতে মনের বাসনা যে ;—
তোমার কৃপার কাঙাল হ'য়ে—
তবুও পড়ে রব।

বেদন ব্যথার পাহাড় যদি,
জমেই ওঠে জন্মাবধি।
(মাগো) চোখের জলে ভাসিয়ে এ বুক,
প্রাণের কথা কব।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ১৩ ॥

আমি যেন হারিয়ে যেতে পারি—
অনিত্য এই খেলাঘরের—
সকল খেলা ছাড়ি।

ঐ চরণের নিত্য ছায়ায়—
দেহ খানি মোর ঠাঁই পেতে চায়—
কেন তবু মাগো মনপাখী মোর-
ঘটায় বিপদ ভারী ?

মোহের জালে সদাই জড়ায়
তারে বাঁধতে আমি নারি।

আমি যেন হারিয়ে যেতে পারি।
অনিত্য এই খেলাঘরের
সকল খেলা ছাড়ি।

——.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ১৪ ॥

একটি সুতোয় তিনটি ফুলের—
মালা আমি গাঁথবো।
মাগো; মনের সকল গানগুলোকে
একই সুরে বাঁধবো।

প্রেমের অর্ঘ্য সাজিয়ে দেবো
শ্বেত করবী সঙ্গে।
ভক্তি আমার ঢেলে দেবো
রাঙ্গা জবার অঙ্গে।

রক্ত কমল ধন্য হবে
জগৎ গুরুর চরণ পাবে
হৃদয় আমার নিত্য নতুন
মালাই গেঁথে যাবে।

মাগো, শ্বেত করবী, রাঙ্গা জবা
রক্ত কমল রবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ১৫ ॥

বিষয় বিষের হাতছানিতে
কেবল ভেসে যাই।
মাগো, রাতুল চরণ-চাই আমি যে—
চরণ সরোজ চাই।

সব কিছুতে তুমি মাগো—
তোমার, সবার বুকে ঠাঁই?
না পেলে মা তোমায়, ভাসি
চোখের জলে তাই।

আপনজনে যায় মা ভোলা।
মিথ্যে জীবনটাই।
মায়ার বাঁধন ছিঁড়তে পারি—
মাগো কৃপা যদি পাই।

———

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ১৬ ॥

তোমার পূজার তরে হে দেব,
মানস্ কুসুম ফোটাতে চাই।
মরুসম এই হৃদয়
আঁখি নীরে ভেজাতে তাই—

দিব্য কৃপা ভিক্ষা নিতে ;—
আশার প্রদীপ মন্দিরেতে—
প্রভু নিত্য জ্বেলে যাই।

তোমার পূজার তরে হে দেব—
একটি কুসুম ফোটাতে চাই।

——

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ২১ ॥

এ কি ছলনায়
ভুলিয়েছো মোরে,—
কত বন্ধনে বেঁধেছ!

এ কি মায়াজালে
জড়িয়েছো মোরে,—
কত লজ্জায় ফেলেছ।

মা হয়ে তোমার
এ কি ব্যবহার?
এ কি অবহেলা জননী?

সন্তানে কেন,—
ব্যথা দা'ও হেন?
ঠেলে দিয়ে দূরে তরণী।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ১৮ ॥

দিয়েছো অনেক; কেন মনে হয়—
সবটাই তবু বাকী ?
আশা নিরাশার অবিরাম খেলা,
সাজাতে নিত্য মিথ্যের মেলা—
মগ্ন আমি যে— ।
জ্বলেনিতো আলো অন্ধ এ মনে—
দিয়েছো কেবলই ফাঁকি ।
দিয়েছো অনেক, কেন মনে হয়
সবটাই তবু বাকী ।

বুঝিনা কিছুতে ;
কখন কোথায়. কি ভাবে
এ মন রাখি ।
আপনার ক'রে সবে নিতে চাই
মূরতি প্রেমের সহসা হারাই ।
ঠেলিয়া ছলনা
কেমনে বলনা
বাঁধি সত্যের রাখী ?
দিয়েছো অনেক, কেন মনে হয়—
সবটাই তবু বাকী ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ১৯ ॥

দুঃখ যতনা দিয়েছো জননী,—
বেশী যে দিয়েছো লজ্জা,
আঁধার ঘোচাতে এ জীবনে মাগো,
চাই বুঝি আলো সজ্জা।

আঘাত দিয়েছো
যত তুমি মোরে—
দিলে তার বেশী—
স্নেহ নির্ঝরে।—
আমি যে অবোধ,—
বুঝিনি সে কথা,—
ভুলেছি তোমারে বার বার।

তুমি 'ত কখনও
সে ভুল ধরনি।
কোলে যে নিয়েছো প্রতিবার।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ২৪ ॥

শুধু জবা আর বিল্বদলে—
কি হবে বল পূজার ছলে ?
যদি বারেক না ঝরে গো
একটি ফোঁটা চোখের জল ?

শুধু প্রদীপ, ধূপের সুবাস—
কি হবে গো নিয়ে বিভাস ?
যদি কভু না ফোটে গো
মানস কুসুম শতদল।

শুধু নিয়ম, ন্যাস, প্রাণায়াম—
কি হবে মা গেয়ে এ নাম ?
যদি তোর ঐ কৃপার কণা,—
না মেলে গো একটিবার ?

শুধু ক'টি কথা দিয়ে—
কি হবে আর মন্ত্র নিয়ে ?
যদি প্রাণের পরম পরশ—
না পায় গো বীণার তার।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ২১ ॥

বলনা মাগো—
এই মনে কেন নিত্য ওঠে ঝড় ?
কেন আমায় ডাক দিয়ে যায়—
ঐ ঘৃণ্য নিশাচর ?

সত্ত্বা নিজের ভুলে গিয়ে।
চলতে হয় যে পিছু নিয়ে ;—
ভয় হয় মা সাড়া দিলেই—
ছাড়তে যে হয় ঘর।

সব পরিচয় যায় হারিয়ে
আপন যে হয় পর।
বলনা মাগো, এই মনে কেন
নিত্য ওঠে ঝড় ?

———

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ২২ ॥

ডাক আসে মা ঘন ঘন
ভোগ বিলাসে ডুবিয়ে দিতে—
যেমন তুমি দিয়েছোগো—
মাটির বুকে খেল্‌নাটিতে।

ডাক আসে মা অহরহ,
মিথ্যে সুখের বার্ত্তাবহ,—
যে ডাক শুনে লক্ষ কোটি—
মানুষ ছোটে বিলিয়ে দিতে
সবার চেয়ে সেরা যে ধন—
ধূলায় ধূসর ধরণীতে।

(মাগো) কত আর মিথ্যে ডাকে—
দিনগুলো সব ঝাঁকে ঝাঁকে—
হারিয়ে যাবে অবহেলায়
চরম ব্যথা বুকে নিতে।

ডাক্ আসে ঐ প্রতি পলে—
আসে যে ডাক নানান্ ছলে।
সে ডাক্ মাগো উপেক্ষিতে
শক্তি দেগো যন্ত্রটিতে।

ডাক্ দিয়ে মা কাছে নেনা—
সব আবেদন ভুলিয়ে দেনা।
কোমল কমল ফুলের মত—
ঝরে পড়ি অঞ্জলিতে—
রাঙ্গা পায়ের স্নিগ্ধ ছায়ায়
চিরতরে বিলীন হতে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ২৩ ॥

দেবতার পূজা করুক দেবতা;—
আমি করি পূজা মা'র।
সাধন ভজন জানিনা কিছুই
ঐ চরণ করেছি সার।

শত অপরাধে মন যদি কাঁদে,
সে কাঁদন আমি নিত্য অবাধে
ঢালিগো চরণে তাঁর।

দেবতার পূজা করুক দেবতা,
আমি করি পূজা মা' র
অভিষেক নাই এ পূজায় তাই,
নিরঞ্জনের নিঠুর শানাই—
বাজেনাকো কভু অবহ করিতে
বিরহ বেদন ভার।
দেবতার পূজা করুক দেবতা—
আমি করি পূজা 'মা'র,

———

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ২৪ ॥

আমি'ত চাইনি কোন সম্পদ—
কখনও তোমার কাছে।
বলিনি'ত প্রভু বিত্ত বিভবে
প্রয়োজন মোর আছে।

ঐ চরণে নিজেরে করি নিবেদন—
আমি'ত চেয়েছি—
ভরিতে জীবন।

সং সাজিয়াছি সংসার মাঝে
সকল আপন কাজে।
আমি'ত চাইনি কোন সম্পদ
কখনও তোমার কাছে।

তবু মায়া কেন—
বাঁধে মোরে হেন ?
কেন বেদনাই বুকে বাজে ?
কেন বল দেব দিনে রাতে আমি—
মরিগো কেবলই লাজে ?
চাইনি'ত আমি কোন সম্পদ,
কখনও তোমার কাছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ২৫ ॥

মাগো,

আমি যে চেয়েছি এ দেহ আমার—
করি মন্দির তব।
হৃদি অঙ্গনে সাজায়ে যতনে
পাদপীঠ অভিনব।

নিত্য তোমার বন্দনা গীতে—
মুখরিত মোর অনুতে তনুতে।
তোমার পরম পরশনটুকু—
বুকে নিয়ে জাগি রব।

আমি যে চেয়েছি এ দেহ আমার
করি মন্দির তব।
মালিন্য যত হয়েছে মা জমা।
তার তবে আমি চাহিনাত ক্ষমা ;—
পূর্ণ পাত্র অঞ্জলি দিতে—

নহে আয়োজন মম।
তোমার করুণা কৃপা সিঞ্চনে
হলে পবিত্রতম—
অমৃত তব বাণী বৈভবে,
দোলা চঞ্চল এই মন হবে
পরম বন্ধু নব।
মাগো, আমি যে চেয়েছি, এ দেহ আমার
করি মন্দির তব।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ২৬ ॥

রাঙা চরণ— সরোজ মাগো—
মন ভ্রমরা চায় যে পেতে।
হৃদি কমল রাতুল পায়ে—
চায় বুঝি মা ঝরে যেতে।

কাকে ফেলে কাকে নিবি,
ঝরবে কে বল চরণেতে ?
পরশমণির পরম পরশ
লভি কে মা উঠ্‌বে মেতে ?

রাঙা চরণ সরোজ মাগো
মন-ভ্রমরা চায় যে পেতে,
হৃদি কমল রাতুল পায়ে—
চায় বুঝি মা ঝরে যেতে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ২৭ ॥

মন প্রদীপের অটুট শিখা—
বেদীমূলেই রাখতে ধরে—
দেবালয়ের আঁধার কোনে
নিতুই আমি ডাক্‌ছি তোরে'

পাষাণ- বেদীর কঠিন বুকে—
মর্‌ছি— মাগো মাথা ঠুকে।
থামা আমার করুণ কাঁদন্—

দূর কর্ মা বেদন ওরে ;—
প্রদীপ শিখাতর এবার —
ডাক্‌তে নিতি দেনা মোরে।
আলোর কোলে কালোর রেখা—
মাগো আমার পড়ুক ঝরে।

———

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ২৮ ॥

বইতে পারি ব্যথার জীবন—
হাত যদি মা ধর।
সইতে পারি দুঃখ দহন—
যদি, বারেক কৃপা কর।

বাঁধতে পারি হৃদয় দিয়ে
রাতুল চরণ যদি—
ভাব্‌না আমার কি আর রবে মাগো—
ছুটবে জীবন নদী।

মনের কুসুম উজাড় করে—
দেবোই দেবো ঢেলে।
যদি মাগো কৃপার কণা
এই অধমে মেলে।

——

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ২৯ ॥

বল রামকৃষ্ণ বল।
রামকৃষ্ণ। রামকৃষ্ণ। রামকৃষ্ণ বল।
পরম পথের পথিক সবাই,
এক বৈ আর দুই কিছু নাই।
সব সংশয় পায় দল।
বল রামকৃষ্ণ বল॥

প্রাণভ'রে ওগো গাও জয়গান।
প্রেমের সাগরে উঠুক তুফান
মায়া মোহ ঘোরে—
মিছে কেন পড়ে?
কেন নিজেই নিজেরে ছল?
বল রামকৃষ্ণ বল।

দিতে যদি হয় ভালবাসা তবে —
দাও ভগবানে সবে।
প্রেমঘন ঐ দিব্য মুরতি।
আপনার ধন হবে।

বহু বাঞ্ছিত কৃপা পরশনে —
হবে, নয়ন সরসী টল টল।
বল রামকৃষ্ণ বল,
রামকৃষ্ণ, রামকৃষ্ণ, রামকৃষ্ণ বল॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৩০ ॥

যুগাবতার হে রামকৃষ্ণ—
রাতুল চরণে রাখি প্রণাম।
তোমার করুণা কৃপা নির্ঝরে—
অমৃত সুধা সদা ঝরে পড়ে,—

মনোমন্দিরে মুরতি মধুর—
ঢালে প্রেমবারি অবিরাম।
অখিল বিশ্ব আজিকে তাইতো—
চরণ সরোজে রাখে প্রণাম।

দেবতা তুমি যে সকল কালের,—
হে চিরবন্ধু নিখিল প্রাণের!—
তোমার দিব্য পরশেধন্য,—
বাংলার মাটি জল;—

তীর্থ হ'ল যে কামার পুকুর
কাশীপুর ছায়াতল।
ভাগীরথীতীরে স্নিগ্ধ সমীরে—
বেলুড় নিত্য ধাম।

প্রণমি তোমায় নিরাকারময়—
(ওগো) সাকারে কৃষ্ণ রাম
যুগাবতার হে রামকৃষ্ণ
রাতুল চরণে রাখি প্রণাম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৩১ ॥

তোমার দিব্য মূরতি খানি,—
দোলাও দোলাও দোলাও আমার
মানসচক্ষে আনি।

শয়নে স্বপনে। দিনে জাগরণে,—
চিরবাঞ্ছিত কৃপা পরশনে,—
করগো ধন্য জীবন আমার

ভরাও হৃদয়খানি।
দোলাও দোলাও দোলাও হে দেব ?
দিব্য মূরতিখানি।

সারাজীবনের সখা তুমি মোর
ঘোচাও মনের তমসার ঘোর।
তুমি ছাড়া আমি নিঃস্ব যে প্রভু।

তোমাতেই সব জানি।
দোলাও দোলাও দোলাও তোমার
প্রেমঘন রূপখানি।

গুরুরূপি ওগো ভগবান মোর।
ইষ্ট যে তুমি, তুমি চিত চোর।
আলোতে তোমার পরাণ আমার—

মিশে আছে আমি জানি।
দোলাও দোলাও দোলাও তোমার—
চিন্ময় দেহখানি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৩২ ॥

ওগো আনন্দময় ঃ—
ক্ষমাসুন্দর রূপটি দেখাও।
দূর করি সংশয়।
বিষয় বাসনা বিরহ বেদনা।
মনে হয় বুঝি দহন যাতনা।
কৃপার পরশে চির সুন্দর
কর বন্ধন ক্ষয়।

ওগো আনন্দময়।
দিন কেটে যায়—
মিছে শ্যামরায়।

স্বার্থ দ্বন্দ্বে কেঁদে মরি হায়
করুণাশিতল মূরতি দেখাও
ওগো সুন্দর প্রেমময়,
অসীম শূণ্য ভরাও পুন্যে
এসো আনন্দময়।

———

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৩৩ ॥

তোমার পূজায় মাত্‌বো আমি,
এমন সাধ্য নেইতো স্বামী।
নিত্য প্রদীপ জ্বালার মত—
নিষ্ঠা সেতো নেই।

তোমার পায়ে দিবস যামি—
দিতে এই মন প্রণামী,
কেমন করে জোটাই গো ঠাঁই—
ফুলের সভাতেই?
নিত্য প্রদীপ জ্বালার মত
নিষ্ঠা সেতো নেই।

কৃপা তোমার আস্‌লে নামি,
কান্না এ মোর যাবে থামি।
(ওগো) ফুট্‌বে কমল পাষাণ টুটি
হৃদয় ভরাতেই।

বারেক ও পদ নিতে চুমি
সেই কুসুমে দিও তুমি—
আঁধার ঘরে আলোর আভায়
আবীর ছড়াতেই।
নিত্য প্রদীপ জ্বালার মত নিষ্ঠা সেতো নেই।

——

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৩৪ ॥

তুমি যে আমার প্রাণের গোপাল,—
প্রাণহীন তুমি নওতো।

কাঁদিয়া তোমায় যত কথা বলি,
সবই শোন তুমি আঁখি ছলছলি।
নীরব ভাষায় কত কথা বল,—
(ওগো ভরে ওঠে মোর ঝুলি।

তোমার কৃপার পরশে আমি যে—
চির গরবিণী তাইতো।
কতনা মূরতি বহু মন্দিরে—
আমি শুধু দেখি তুমি আছো ঘিরে।

ছোট্ট আমার প্রিয় প্রাণোপম।
ছোট্টটি তুমি নওতো!

তোমার মাঝারে প্রাণমন মম।
চিরতরে বাঁধা তাইতো।
তুমি যে আমার প্রাণের গোপাল
প্রাণহীন তুমি নওতো।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৩৫ ॥

তুমি ছাড়া আর কে আছে আমার—
বন্ধু জীবনে মরণে ?
কে আছে গো ধরে হাত দুটি মোর এ
সেরা সম্পদ বরণে ?

কত শুভক্ষণ শুধু বয়ে যায়—
করিনা'ত পূজা, ডাকিনা তোমায়।

কাছে তবু মোর,
দিবা নিশি ভোর,
শূন্য গাগরী ভরণে,—

রয়েছো হে দেব ছায়া সম সাথে,
ঠাঁইটুকু দিতে চরণে
তুমি ছাড়া আর কে আছে আমার
বন্ধু জীবনে মরণে ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৩৬ ॥

পায়ে, পায়ে কাঁটার ব্যথা সইবো কত ?
কত আর তীব্র জ্বালা বঞ্চনার—
লুকিয়ে রেখে বুকের মাঝে
মন করীরে করব নত ?
পায়ে, পায়ে কাঁটার ব্যথা সইবো কত ?

মূল্যহীন এই হৃদয়ের শোণিত বিন্দু শত শত,
পড়ছে ঝ'রে বেদন ভ'রে,
কিসের ছলে, কোন আগলে—
(ওমা) লুকিয়ে রাখি দুঃখ যত ?
পায়ে, পায়ে কাঁটার ব্যথা সইবো কত ?

নাম সাগরে ডোবার ব্রত—
কেমন করে চাই সতত ?
কোন বলে মা তুলি গো বল্
নিত্য পরা দিঠির কাজল ?

কেমনে মা হানি আঘাত
ভাঙ্গতে জীবন তন্দ্রাগত ?
পায়ে, পায়ে কাঁটার ব্যথা সইবো কত ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৩৭ ॥

আমায় তুমি বাঁধলে কেন—
বিশ্বমায়ার জালে ?
কেন আমায় রাখলে বল—
আঁখির আড়ালে ?

চোখে চোখে, এ চোখ রেখে,
ঐ চোখেরই আলো দেখে—
চল্‌ব আমি সাধ ছিল যে।

কেন আমায় এমন করে—
দূরে সরালে ?
আমায় কেন বাঁধলে বল
বিশ্বমায়ার জালে ?

——

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৩৮ ॥

হে যুগাচার্য্য ত্যাগী সুন্দর—
ব্যথিতের ভগবান।
লহগো প্রণাম সন্ন্যাসী বীর
পৃথিবীর মহাপ্রাণ।
রামকৃষ্ণের প্রাণধন তুমি
বিপ্লবী সন্তান,—
বিশ্বের বুকে চির বিস্ময়,—
তুমি বিধাতার দান।
ধ্যানগম্ভির ছায়া তব দোলে—
আজও তাই অম্লান।
হে যুগাচার্য্য ত্যাগী সুন্দর—
ব্যথিতের ভগবান।
লহগো প্রণাম সন্ন্যাসী বীর
পৃথিবীর মহাপ্রাণ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৩৯ ॥

কৃপা যদি মোরে করেছো হে দেব
চরণের ছায়া দিয়ে।
করুণাধারায় ভাসাও আমারে—
অবিদ্যা কেড়ে নিয়ে।

চঞ্চল আমি বিত্ত বিভবে,
নিতি ডুবে আছি পার্থিব ভবে;
বৃথা কেটে যায়-দিন যে গো হায়,—
মনটুকু যাও ছুঁয়ে।

আলো দিয়ে রাখো দেহের আলয়ে—
সেরা ধনে ধনী ওগো আলোময়।
পরশনে তব অপরাধ মম।
কর কর প্রভু ক্ষয়।

ক্ষমাসুন্দর প্রকাশো বারেক
সকল সৃষ্টিময়।

——

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৪০ ॥

ভক্তি প্রদীপ জ্বালাওগো মা
আঁধার ভাঙ্গা আলো
নিত্য জ্বলুক্ মন্দিরে মোর,
সেই'ত হবে ভাল।

অন্ধকারের মিথ্যে শাসন—
বুকে আমার চায় যে আসন।
কেমন করে বাঁধি এ মন ?
—মাগো স্নেহের সুধা ঢালো।
জ্বালো প্রদীপ'খানি জ্বালো।

দেহখানি দেউল করে—
রাখ্‌তে তোমায় নিত্য ধরে,—
পরম পরশ প্রাণের প'রে—
ঘোচাক সকল কালো।
জ্বালো মাগো ভক্তি প্রদীপ
এই মন্দিরেতে জ্বালো।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৪১ ॥

তোমার পায়ে রাখতে এ মন,
কৃপা তোমার চাই।
ছবি তোমার বাঁধতে বুকে—
চাই আমি যে নিত্য সুখে।

তোমার দেওয়া মন্ত্রে করি
তোমার পূজা তাই।

ওগো তোমার কৃপা চাই।
দিয়েছো যা অরূপ রতন।
রাখতে ভুলে শ্রেষ্ঠ সে ধন।
(ওগো) ঠাঁই খুঁজে না পাই।

তোমার স্নেহের আকাশ তলে,
রাখো যদি অবোধ বলে—
আনন্দে মন ভরিয়ে তুলে
তোমার পানে ধাই।
প্রভু কৃপা তোমার চাই।

———

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৪২ ॥

খেলা ভাঙ্গার খেলায়—
মাগো মাতিয়ে দাও।
অনেক খেলাই হ'ল সারা,
কাট্‌ছে যে দিন মাতৃহারা
ধূলো খেলার মলিনতা—
মুছিয়ে এবার কোলে নাও।
খেলা ভাঙ্গার খেলায়,—
মাগো, মাতিয়ে দাও।

ব্যর্থ জীবন অন্ধকারে—
দোলাও কেন স্বপ্নভারে ?
মরীচিকার প্রবঞ্চনায়
কেন এ মন বাঁধতে চাও ?

আলোর খেলাই সত্য কর—
ভেঙ্গে ভেঙ্গে আমায় গড়।
তোমার স্নেহের স্নিগ্ধ পরশ
এ বুক মাঝে রেখে যাও।
খেলা ভাঙ্গার খেলায়
মাগো মাতিয়ে দাও।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৪৩ ॥

যতবারই কাছে চাইগো তোমারে,
দূরে তুমি সরে যাও।
এ দেহ তোমার কেন বার বার—
বেদনায় বেঁধে দাও ?
বিরহে তোমার
আমি কেঁদে মরি—
খেলাছলে কেন
প্রাণমন হরি—
লুকায়ে থাকগো আঁখির আড়ালে —
কোন সুখ বল পাও ?
আমারে কাঁদায়ে আপনি যে কাঁদো
কেন অশ্রুতে পূজা নাও
যতবারই কাছে চাইগো তোমারে—
দূরে তুমি সরে যাও।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৪৪ ॥

আমার যত অক্ষমতা
সে তো তোমারই দান।
তোমার দেওয়া মন্ত্রে হে দেব—
দূর করি মম মায়া-মোহ ঘোর,
খোল প্রিয়তম বন্ধন ডোর,
কামনা কলুষ এ দেহ আলয়ে
দাও পবিত্র প্রাণ।
অনন্ত মোর অক্ষমতা
যে তো তোমারই দান।
ভাঙ্গো সংশয় করি খান্ খান্।
উদ্ধত বুকে কর অভিযান।
তোমার নৃত্যে আঁধার চিত্তে
বাজুক প্রভাতী গান।
সত্য বরণে অক্ষমতায়
কর প্রভু অবসান।

———

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৪৫ ॥

কে ঐ আপন ভোলা খেয়াল খেলায়,—
দুল্‌ছে দোদুল্‌ জীবন দোলায়
মাটির মায়াতে ?
হাসিখুশী মুখটি যে তাঁর
ভাসছে সদাই কি যে বাহার।
অহঙ্কারের অন্ধকারে আলোয় ছায়াতে
দুলছে দোদুল জীবন দোলায়—
মাটির মায়াতে।

প্রেমের সাগর ভাসছে যেন সত্য হাওয়াতে—
বাঁধছে বুকে অসীম সুখে—
লক্ষ মানব ঐ ছবিকে,
সকাল সাঁঝে সকল কাজে—
ও গান গাওয়াতে।
দুল্‌ছে দোদুল্‌ জীবন দোলায়
মাটির মায়াতে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৪৬ ॥

তুমি'ত দিয়েছো হে দেব তোমার।
প্রেম সম্পদ উপহার।
শ্রেষ্ঠ রতন সত্য সে ধন
দুনিয়ার সেরা মণিহার।

তুমি যা করেছ নিত্য সাধন।
জনে জনে তাই করি বিতরণ।
পূর্ণ করেছ জ্ঞান ভাণ্ডার,
ঘোচাতে মনের আঁধিয়ার।

(প্রভু) তোমার সৃষ্টি তোমারে বরিতে—
লভুক জীবনে অধিকার,
তুমি'ত দিয়েছো হে দেব তোমার
প্রেম সম্পদ উপহার।
নিঃস্ব করিয়া নিজেরে তুমি যে
ভরেছ পৃথিবী কতবার।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৪৭ ॥

প্রেমের পাত্র শূন্য যে হায়—
হৃদি মন্দিরে মম।
সুধা নির্ঝরে উছ্‌লিয়া দাও
ঘুচাও মনের তম।

তব নামগানে
চাই আলো প্রাণে
কৃপা স্রোতধারা
যেন কাছে টানে।

চরণে এ প্রাণ গ্রহণ করিয়া
শত পরমাদ ক্ষম।
প্রেমের পাত্র শূন্য যে হায়
হৃদি মন্দিরে মম।

স্মরণ মননে প্রতি অনুক্ষণে,
জেগে থাকো প্রভু মম প্রাণ মনে।
তোমার নিত্য অর্ঘ্য রচণে
সাজাও পুষ্পোপম।
সুধা নির্ঝরে উছলিয়া দাও
ঘুচাও মনের তম।

——

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

। ৪৮ ॥

বুঝি যাদু আছে ঐ রূপে।
আনন্দ সাগরে ভাসমান সদা
প্রেমের লহরী বুকে—
কে ঐ নিত্য ভাবের মূরতি
দিব্য হাসিটি মুখে ?

অনির্ব্বান ঐ আলোর দ্যুতিতে
করুণা কিরণ লোভী ধরণীতে
চির সুন্দর অনিন্দ শোভা
ঝরে পড়ে মহা সুখে—
আধনিমিলিত দিঠির দিশায়—
স্নেহ নির্ঝর অটুট্ ধারায়
ছুঁয়ে যায় যেন সবকটি মন
একান্ত চুপে চুপে।
হয় না বিমুখ কেউ যে কখনও
(বুঝি) যাদু আছে ঐ রূপে।

———

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৪৯ ॥

যা আছে আমার
সাধ যায় মাগো
চরণে তোমার দেবো।
অঞ্জলি দিতে শুধু আধফোটা
মানস্ কুসুম নেবো।
হৃদয় দুয়ারে আল্‌পনা আঁকি
আমি মাগো জাগি রব।
এসো নিয়ে শ্যামা
মনোমন্দিরে
বরাভয় রূপ তব।
নিতি নব গানে
মালা গেঁথে মাগো
পূজার ডালাটি সাজাবো—
ও রাঙ্গা চরণে মনটুকু বেঁধে
হৃদয় বাঁশরী বাজাবো।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৫০ ॥

করুণাঘন জননী আমার
এসোগো হৃদয়ে, খুলেছি দ্বার।
তোমার কৃপায় পরশে এবার
দূর কর সব বেদনভার।
ধরা দিয়ে তবু ধরা নাহি দাও,
কখন কিরূপে এসে চলে যাও।

না চেনালে তুমি চিনিগো কেমনে—
তোমাকে জননী আর,
অবোধ ছেলেরে কোলে তুলে নাও,
ভুল ভেঙ্গে দিতে ও মুখ ফেরাও।
রাতুল চরণ পদ্ম পূজিতে—
ঘোচাও অন্ধকার।

করুণাঘন জননী আমার
এসোগো হৃদয়ে খুলেছি দ্বার।

———

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৫১ ॥

এ কেমন খেলা বল—
খেলছো তুমি প্রভু ?
কখন দেখি টানছো কাছে—
ঠেলছো কখন বিপথ মাঝে।
কেঁদে কেঁদে মরছি ঘুরে—
দাও না দেখা তবু।
এ কেমনতর খেলা বল—
খেলছো নিঠুর প্রভু ?

খেয়াল তোমার বুঝি না যে
কোন কাজে যে খুসী রাজে,
বারেক বোঝার সুযোগ মোরে
দাও না দয়াল বিভু।
কেমন খেলা খেলছো বল
(ও আমার) পরম প্রেমিক প্রভু।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

॥ ৫২ ॥

দিনে রাতে সকল সময়—
নামটি তোমার রাখতে হৃদয়ে
(প্রভু) কৃপা তোমার চাই।
অপার স্নেহের নীল আকাশে—
উড়তে প্রাণের বাসনা সে।—
ভেঙ্গে ভেঙ্গে এই দেহ মোর
(ওগো) অর্ঘ্য দিলাম তাই।
প্রভু কৃপা তোমার চাই।
নিত্যনামের অটুট্ ধারায়
এ মন আমার যদি হারায়—
এক করে ঐ নাম নামীরে—
স্বর্গ হাতে পাই।
কৃপা তোমার চাই।
ভাবের রাজ্যে মিলন মেলায়,
পরম পাওয়ার সত্য খেলায়,
মায়া মোহের ডালাটি ছিঁড়ে দিতে জীবনটাই
প্রভু তোমার কৃপা চাই।

———

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

PRESERVED.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi